বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৯৭

তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসিকে অধিকতর শক্তিশালীকরণ এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটির প্রথম সভা।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-কে অধিকতর শক্তিশালীকরণ এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটির পরিচিতিমূলক এবং TOR অনুযায়ী পদ্ধতি প্রণয়ন সংক্রান্ত প্রথম সভা অদ্য ২০ মার্চ ২০২৫ রোজ বৃহস্পতিবার তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী এর সভাপতিত্বে উক্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আরও উপস্থিত ছিলেন কমিটির সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. সাদেকুল ইসলাম, কমিটির সদস্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বীমা ও পুঁজিবাজার অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ সাঈদ কুতুব ও কমিটির সদস্য সচিব বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ। এছাড়াও বিশেষ আমন্ত্রণের ভিত্তিতে উক্ত সভায় উপস্থিত ছিলেন বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব নাজমা মোবারেক, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী ও বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর।

বেলা ১১:০০ ঘটিকায় কমিটির সভাপতি মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী এর সভাপতিত্বে উক্ত সভাটি শুরু হয়। অনুষ্ঠিত সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে (বিএসইসি) শক্তিশালীকরণসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় ও দিক নিয়ে আলোচনা হয়। কার্যপরিধি (TOR) অনুযায়ী কমিটির কাজের পদ্ধতি প্রণয়ন এবং পরবর্তী করণীয় সংক্রান্ত বিষয়ে উক্ত সভায় আলোচনা হয়।

উল্লেখ্য, গত ১৭ মার্চ ২০২৫ রোজ সোমবার তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ একটি সার্কুলার জারি করে মোট ৫ টি কার্যপরিধি উল্লেখপূর্বক মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরীকে সভাপতি করে ৪ সদস্যের কমিটি গঠন করে। দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসিকে অধিকতর শক্তিশালীকরণ এবং সর্বোপরি দেশের পুঁজিবাজার উন্নয়নের জন্য উক্ত কমিটি কাজ করছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মো. মোহাইমিনুল হক
জনসংযোগ কর্মকর্তা ও সহকারী মুখপাত্র

